DCA'র লেবার পলিসি অ্যান্ড স্ট্যান্ডার্ডস অফিস (OLPS) হল কর্মীদের জন্য সিটি সরকারের একটি নিবেদিত উপায়। দুর্বল কর্মীদের সাহায্য করার দায়িত্ব নিয়ে OLPS কাজের জায়গায় অভিবাসী, বিভিন্ন বর্ণের মানুষ ও মহিলাদের প্রভাবিত করা সমস্যাগুলির দিকে মনোযোগ দিতে আমাদের আদেশকে সর্বান্তকরণে গ্রহণ করেছে।

OLPS:

- **পৌর কাজকর্মের প্রধান আইনগুলি**বলবৎ করে।
- **মূল গবেষণা, হাত বাড়িয়ে দেওয়া ও শিক্ষা**পরিচালনা করে।
- **নিউ ইয়র্ক সিটির গড়ে উঠতে থাকা অর্থনীতি ও কর্মীদলের প্রতি সংবেদনশীল নীতিগুলির**বিকাশ ঘটায়।

NYC Consumer Affairs

*সমৃদ্ধিশালী সম্প্রদায় তৈরি করতে নিউইয়র্কবাসীদেরকে NYC উপভোক্তা বিষয়ক দপ্তর সুরক্ষা দেয় ও দৈনিক আর্থিক অবস্থার উন্নতি করে। আমাদের শ্রম নীতি ও মানক অফিসের কাজের মাধ্যমে, DCA কমরত পরিবারদের আর্থিক স্বাস্থ্য এবং কর্ম জীবনের ভারসাম্য অর্জন করতে প্রয়োজনীয় সরঞ্জাম এবং সম্পদ প্রদানের মাধ্যমে ক্ষমতা দেয়।*

Printed on 30% post consumer recycled paper 06/2017

## সংস্থানগুলি:

### নমুনা চুক্তি

DCA এমন মডেল চুক্তি তৈরি করেছে যা আইন মেনে চলে যা নিয়োগকারী পক্ষগুলি ও স্বাধীন কর্মীরা পর্যালোচনা করতে পারেন। *অনুগ্রহ করে nyc.gov/dca-তে যান।*

### কম খরচে স্বাস্থ্য বীমা

NYC মানব সম্পদ প্রশাসন আপনাকে আপনার চাহিদা এবং বাজেট পূরণ করে এমন স্বাস্থ্য বীমা এবং কেয়ার খুঁজে পেতে সাহায্য করতে পারে। *311 ফোন করুন nyc.gov/health দেখুন বিনামূল্যে ব্যক্তি সাহায্যের জন্য একটি স্বাস্থ্য বিভাগের সার্টিফাইড অ্যাপ্লিকেশন কাউন্সেলর খোঁজার জন্য অথবা স্বাস্থ্য বিভাগের ওয়েবসাইট nystateofhealth.ny.gov দেখুন।*

### জনসাধারণের উপকারিতা

ACCESS NYC একটি বিনামূল্যে সেবা যা আপনাকে 30 টিরও বেশি শহর, রাজ্য এবং যুক্তরাষ্ট্রীয় বেনিফিট প্রোগ্রাম খুঁজে বের করতে সাহায্য করে যদি আপনি তার জন্য যোগ্যতা অর্জন করতে পারেন। আপনি ACCESS NYC-এর মাধ্যমে নির্দিষ্ট প্রোগ্রামের জন্য অনলাইনে আবেদন করতে পারেন। *ACCESS NYC তথ্যের জন্য nyc.gov/accessnyc দেখুন বা 311 নম্বরে যোগাযোগ করুন ।*

### বিনামূল্যে আর্থিক কাউন্সেলিং

NYC ফিনান্সিয়াল সেন্টারগুলি বিনামূল্যে প্রত্যেকের জন্য পৃথকভাবে পেশাদার আর্থিক পরামর্শ দেয়। পরিষেবাটি গোপনীয়, এবং আমাদের পেশাদার কাউন্সিলাররা একাধিক ভাষায় কথা বলে। *অ্যাপয়েন্টমেন্টের সময় নির্ধারণ করার জন্য 311 নম্বরে ফোন করুন অথবা nyc.gov/dca দেখুন।*

### বিনামূল্যে আয়কর প্রস্তুতি

NYC-এর বিনামূল্যে আয়কর প্রস্তুতি পরিষেবা পাওয়ার জন্য যোগ্যতা অর্জন করতে হবে, যার মধ্যে রয়েছে অনলাইন ফাইলিং এবং একটি IRS প্রত্যয়িত VITA/TCE স্বেচ্ছাসেবক প্রিপারারের সঙ্গে ব্যক্তিবিশেষে ফাইলিং। *আরো তথ্যের জন্য 311-এ ফোন করুন অথবা nyc.gov/taxprep এ দেখুন।*

### শিক্ষা ও প্রশিক্ষণ কর্মসূচী

সিটি কর্মপ্রার্থীদের জন্য বিনামূল্যে সহায়তা প্রদান করে। *nyc.gov/workforce1 গিয়ে বা 311-এ যোগাযোগ করু একটি ওয়াকফোর্স1 ক্যারিয়ার সেন্টার (Workforce1 Career Center) খুঁজে পেতে জিজ্ঞাসা করুন।*

### অভিবাসন সহায়তা

ActionNYC আপনার কমিউনিটিতে নিরাপদ, বিনামূল্যে অভিবাসন আইনি পরামর্শ আপনার নিজের ভাষায় প্রদান করে। *nyc.gov/actionnyc দেখুন অথবা 311 নম্বরে কলে করে "ActionNYC" বলুন।*

### ইংরেজী ক্লাস

NYC যুব ও সম্প্রদায় বিকাশের বিভাগ এর ইংরেজি ভাষার প্রোগ্রামটি নতুন নিউ ইয়র্কবাসীদের ইংরাজী শিখতে সাহায্য করার জন্য পরিকল্পিত। *আরো তথ্যের জন্য nyc.gov/taxprep এ যান।*



# NYC'র স্বাধীন কর্মীদের রক্ষা করা

## অধিকার এবং তথ্য সম্ভারের একটি সংক্ষিপ্ত চিত্র

বাংলা | Bengali

NYC Office of the Mayor

Consumer Affairs

Lorelei Salas
Commissioner

# আপনি NYC'র একজন স্বাধীন কর্মী হলে কাজ সংক্রান্ত প্রশ্ন ও অভিযোগের জন্য আপনার আইনি অধিকার ও একটি নিবেদিত সিটি সংস্থান রয়েছে: ডিপার্টমেন্ট অফ কনজিউমার অ্যাফেয়ার্স (DCA)-এর মধ্যেকার লেবার পলিসি অ্যান্ড স্ট্যান্ডার্ডস অফিস।

আপনাদের গুরুত্বপূর্ণ অধিকার ও সংস্থান সম্পর্কে জানাতে DCA এই সারমর্মটি তৈরি করেছে।

আরও তথ্যের জন্য, **311-তে কল করুন** এবং “Freelance Workers”-এর কথা জিজ্ঞাসা করুন অথবা **nyc.gov/dca**-তে যান।

## কে আইনের আওতায় পড়ে?

ফ্রিলান্স ইজন'ট ফ্রি অ্যাক্ট-এর অধীনে, যেটি মে 15, 2017 থেকে কার্যকর, কোন **স্বাধীন কর্মী** হলেন একজন ব্যক্তি যাঁকে নিয়োগকারী পক্ষ ক্ষতিপূরণের বিনিময়ে পরিষেবা প্রদান করার জন্য স্বাধীন ঠিকাদার হিসেবে নিয়োগ করেছে বা ধরে রেখেছে।

স্বাধীন কর্মীরা বিভিন্ন শিল্পে কাজ করেন। যে সমস্ত শিল্পে স্বাধীন কর্মীদের বেশী নিয়োগ করা হয় সেগুলি হল:

- ফিল্ম ও ভিডিও
- গ্রাফিক ও ওয়েব ডিজাইন
- গৃহ চুক্তি ও মেরামতি
- মিডিয়া
- ফটোগ্রাফি
- অনুবাদ

***ব্যতিক্রম:***

নির্দিষ্ট বিক্রয় প্রতিনিধিদের, অ্যাটর্নিদের এবং লাইসেন্সপ্রাপ্ত চিকিৎসা পেশাদারদের স্বাধীন কর্মীর সংজ্ঞা থেকে বাদ দেওয়া হয়েছে।

আইনটি সাধারণভাবে যৌথ দরকষাকষির অধীনে কাজ করার জন্য প্রযোজ্য নয় যেখানে কর্মীদের সংজ্ঞা হল কর্মচারী।

আপনি “স্বাধীন ঠিকাদার” হোন বা না হোন তা বিভিন্ন বিষয়ের উপর এবং আপনার কাজের ব্যবস্থার প্রকৃতির উপর নির্ভর করে। আপনার কাজের সঠিক শ্রেণীবিভাজন করা হয়েছে কি না তা বুঝতে সাহায্য করার সংস্থানের জন্য অনুগ্রহ করে **nyc.gov/dca**-তে যান। আপনার স্বাধীন কর্মী, স্বাধীন ঠিকাদার বা কর্মচারী হিসেবে শ্রেণীবিভাজন সম্পর্কে কোন প্রশ্ন থাকলে আপনি DCA'র সঙ্গে **freelancer@dca.nyc.gov**-এও যোগাযোগ করতে পারেন।

**নিয়োগকারী পক্ষ** হল এমন কেউ, কোন সরকারী সত্তা ছাড়া, যে একজন স্বাধীন কর্মীকে নিয়োগ করে।

## আপনার অধিকারসমূহ

**আপনার অভিবাসন স্থিতি নির্বিশেষে আপনার অধিকার আছে।**

### লিখিত চুক্তি



$800 বা তার বেশি মূল্যের চুক্তি লিখিতভাবে হওয়া আবশ্যক। আপনার ও নিয়োগকারী পক্ষের মধ্যে সেই যাবতীয় চুক্তিই এর অন্তর্ভুক্ত কোন 120-দিনের সময়কালে যার মোট মূল্য পরিমাণ $800। লিখিত চুক্তিতে আপনি কী কাজ করবেন; কাজের জন্য আপনি কত পারিশ্রমিক পাবেন; এবং কোন্ তারিখে তা পাবেন তা লেখা থাকা আবশ্যক। আপনার ও নিয়োগকারী পক্ষের কাছে যে কোন লিখিত চুক্তির প্রতিলিপি রাখা আবশ্যক।

### সময়মতো পেমেন্ট




নিয়োগকারী পক্ষের আপনাকে প্রতিটি সম্পূর্ণ করা কাজের জন্য পেমেন্ট করা আবশ্যক। আপনার চুক্তিতে থাকা তারিখে বা তার আগে প্রদত্ত অর্থ পাওয়া আবশ্যক। চুক্তির মধ্যে কোন পেমেন্টের তারিখ না থাকলে নিয়োগকারী পক্ষকে অবশ্যই আপনার কাজ সম্পূর্ণ করার 30 দিনের মধ্যে পেমেন্ট করতে হবে।

### প্রতিশোধের থেকে মুক্তি



আপনি আপনার অধিকার প্রয়োগ করেছেন বলে নিয়োগকারী পক্ষের দ্বারা আপনাকে শাস্তি দেওয়া, হুমকি দেওয়া অথবা কালোতালিকাভুক্ত করা বেআইনি।

### বঞ্চনার থেকে মুক্তি



NYC মানবাধিকার আইন নিউ ইয়র্কবাসীদের যেকোনরকম বঞ্চনার থেকে রক্ষা করে। *আপনি বঞ্চনার শিকার হলে NYC কমিশন অন হিউম্যান রাইটস ইনফোলাইন-কে 311-এ কল করুন।*

### অভিযোগ দায়ের করার অধিকার




আপনি DCA'র লেবার পলিসি অ্যান্ড স্ট্যান্ডার্ডস অফিসে অভিযোগ দায়ের করতে পারেন। DCA নিয়োগকারী পক্ষকে তা জানাবে, যাদেরকে 20 দিনের মধ্যে আবশ্যিকভাবে অভিযোগের জবাব দিতে হবে। DCA আপনাকে উকিল খুঁজতে, আদালতের প্রক্রিয়া বুঝতে ও আরও অনেক কিছুতে সাহায্য করার জন্য তথ্যও প্রদান করবে। *অভিযোগের ফর্মটি nyc.gov/dca থেকে ডাউনলোড করুন অথবা 311-তে কল করুন। আপনার কোন প্রশ্ন থাকলে freelancer@dca.nyc.gov-এ ইমেল করুন।*

### মামলা করার অধিকার



আপনি ক্ষতিপূরণ চাওয়ার জন্য নিয়োগকারী পক্ষের বিরুদ্ধে আদালতে মামলা করতে পারেন। আপনাকে আপনার কাজের জন্য সময়মতো পেমেন্ট করা না হলে আপনার আপনাকে যে পেমেন্ট করা হয়নি তার দ্বিগুণ অর্থ পাওয়ার, প্রতিশোধের ক্ষতিপূরণ পাওয়ার এবং অ্যাটর্নির পারিশ্রমিক ও খরচ প্রদানের অর্থ পাওয়ার অধিকার রয়েছে।